

স্বাধীনতার ঘরে পুরোনো ওয়ান্টেড পোষ্টার !

৭১ এর স্মৃতি-

-মিজান উদ্দীন খান বাবু

- কবি আদনান সাকিব কে
যদি জানতে আমার কিসের ব্যাথা.....

তখনো কাঁধে রাইফেল তোলার উপযুক্ত হইনি

অনাবৃত ছেঁড়া হাঁটুর হাফ প্যান্ট বালক
দিনাজপুরের ফরেস্ট কোয়ার্টার
মাত্র ৪০০ শত গজ দূরে পাকিস্তান সেনা বাহিনীর তাঁবু
দুর্ধর্ষ নির্লজ্জ রেপিষ্ট রাসলার হানাদার
কুৎসিত দর্শন ভেঁতা কামান মুখ'
পেট ফুঁড়ে বেরিয়েছে কুঁচকুঁচে কালো দু'টি পা
বেহায়ার মতো তাকিয়ে আছে আবাসিকের দিকে !

খাকী উর্দির নাপাক বেঢ়প বেসাইজ জানোয়ার'

বুনো টেক্সাসী উল্লাসে মেতে উঠে থেকে থেকে
ইয়াছ ইয়াছ ইয়াছ (হুকা হুয়া' হুকা হুয়া' হুকা হুয়া')
ফাইভ ষ্টার পিস্তলের একগুয়ে বিদঘুটে মেঠো শব্দ
বাতাসে ভেসে আসে গগণ বিদারী অসহায় সব চিৎকার
রাজাকার 'আল-বদর' সাকী শরাবের বদ কটু গন্ধে
গোবর নাদি ভর্তি পুরানো আস্তাবলের স্মৃতি উঠে আসে ।

অ্যাপাটা আক্রান্ত উপত্যকায় হঠাৎ যখন

প্রফেসর ফনিন্দ বাবু' র গরুর গাড়ি এসে দাঁড়ায়
হল্ট! ডান্ডি কার্ড হ্যায়?
পরমুহূর্তে লাল মুখের শয়তানী বিকৃত হাসি
বানচোত কাফের নালায়েক!
সবুট লাথিতে লুটিয়ে পড়েন
দিনাজপুর কলেজের ভূর্তপূর্ব অধ্যক্ষ ।
প্রতিবাদী স্ত্রীর গলায় নির্ধিধায় উঠে আসে
মোহাম্মদী বেগের তীক্ষ্ণ ছোরা ।
এবার পুটলি খুলবে নাকি অষ্টাদশী পুতুলী রাণী
হানাদার কুকুরের চিবুক বেয়ে নামে কামুকি হাসি !

(চলবে.....)